63

দৈনিক ইত্তেফাক

তারিখ 25 JUN 1996
পৃষ্ঠা ৪২ কলাম ৪

# সার্ক শিক্ষা সংস্কৃতি সম্মেলন সমাপ্ত

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া ক্ষেত্রে ৭টি দেশের মধ্যে সম্পর্ক আরও জোরদার করার প্রত্যয় ব্যক্ত করিয়া গতকাল (সোমবার) সার্ক শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়া বিষয়ক কারিগরি কমিটির ৩ দিনব্যাপী সম্মেলন শেষ হইয়াছে। ২২শে জুন হোটেল শেরাটনে এই সম্মেলনের উদ্বোধন করেন শিক্ষা সচিব কেএইচ এম আবদুল হাই। সম্মেলনে সার্কভুক্ত ৭টি দেশের শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়াক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য, চলতি বছরের প্রথমদিকে এই সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা থাকিলেও রাজনৈতিক আন্দোলনের কারণে ২ বার পিছাইয়া তৃতীয়বারের নির্ধারিত তারিখ অনুযায়ী সম্মেলন অনুষ্ঠিত হইল।